# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

## কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.gov.bd

প্রকা/কৃপবি-৩২৫/২০২৫-২০২৬/৭৪৫ তারিখ ঃ ১০-০৬-২০২৬

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ।
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম" প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উর্পযুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার লেটার নং-১, তারিখঃ ০২-০৬-২০২৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

২। এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক এবং সাম্প্রতিক গ্রীষ্মকালীন অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখার নিমিত্ত অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো ঃ

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত **"কৃষক স্মার্ট কার্ড নীতিমালা-২০২৫"** অনুসারে কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক/ভূমিহীন কৃষকদের ১০ টাকার হিসাব খোলা এবং এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান। তবে, বর্ণিত স্কিমের আওতায় ঋণ প্রাপ্তিতে কার্ডবিহীন প্রান্তিক/ভূমিহীন কৃষকগণ যেন কোনভাবে বঞ্চিত না হন সে বিষয়েও সচেষ্ট থাকা এবং

(খ) সম্প্রতি গ্রীষ্মকালীন অতিবৃষ্টির কারণে দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষত হাওর এলাকায় পাকা ধান ও অন্যান্য ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এ প্রেক্ষিতে সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা ও ময়মনসিংহ অঞ্চলের হাওর এলাকার পাশাপাশি দেশের অন্যান্য জেলায় অতিবৃষ্টিজনিত ফসলহানির কারণে ক্ষতিগ্রস্ত প্রান্তিক/ভূমিহীন কৃষকদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান।

৩। এতদ্ব্যতীত, এফআইডি সার্কুলার নং-১/২০২১, সার্কুলার লেটার নং যথাক্রমে ০১/২০২২ এবং ০১/২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার লেটার নং-০১, তারিখঃ ০২-০৬-২০২৬ এর নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১০.০৬.২০২৬

(মোঃ আসাদুজ্জামান খান)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তি-বর্ণনামতে।

বিষয় ঃ "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম" প্রসঙ্গে।

প্রকা/কৃপবি-৩২৫/২০২৫-২০২৬/ ৭৪৫ তারিখ ঃ ১০-০৬-২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১) চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২) স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪) অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫) সকল উপ-মহাব্যবস্থাপক ও সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপ-লোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

০৭) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯) নথি/মহানথি।

১০/০৬/২৫

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার লেটার নং-০১

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০২ জুন ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**'১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্নআয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম' প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের সার্কুলার নং ০১/২০২১, সার্কুলার লেটার নং যথাক্রমে ০১/২০২২ এবং ০১/২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক এবং সাম্প্রতিক গ্রীষ্মকালীন অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখার নিমিত্ত অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত **"কৃষক স্মার্ট কার্ড নীতিমালা-২০২৫"** অনুসারে কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক/ভূমিহীন কৃষকদের ১০ টাকার হিসাব খোলা এবং এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান। তবে, বর্ণিত স্কিমের আওতায় ঋণপ্রাপ্তিতে কার্ডবিহীন প্রান্তিক/ভূমিহীন কৃষকগণ যেন কোনভাবে বঞ্চিত না হন সে বিষয়েও সচেষ্ট থাকা এবং

খ) সম্প্রতি গ্রীষ্মকালীন অতিবৃষ্টির কারণে দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষত হাওর এলাকায় পাকা ধান ও অন্যান্য ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এ প্রেক্ষিতে সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা ও ময়মনসিংহ অঞ্চলের হাওর এলাকার পাশাপাশি দেশের অন্যান্য জেলায় অতিবৃষ্টিজনিত ফসলহানির কারণে ক্ষতিগ্রস্ত প্রান্তিক/ভূমিহীন কৃষকদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান।

৩। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার/সার্কুলার লেটার এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইকবাল মহসীন)
পরিচালক (এফআইডি)
ফোন ঃ ০২-৯৫৩০৩৪৩